

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৩০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. সাহ্উ সিজদা ও অন্যান্য সিজদা প্রসঙ্গ - সালাতে যে ব্যক্তি প্রথম তাশাহহুদ ভুলে যাবে তার বিধান

## আরবী

عَنْ عَبْدِ اللّهِ بْنِ بُحَيْنَةَ \_رَضِيَ اللّهُ تَعَالَى عَنْهُ \_ أَنَّ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ صلّى بِهِمُ الظُّهْرَ, فَقَامَ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ, وَلَمْ يَجْلِسْ, فَقَامَ النَّاسُ مَعَهُ, حَتَّى إِذَا قَضَى الصَّلَاةَ, وَانْتَظَرَ النَّاسُ تَسْلِيمَهُ, كَبَّرَ وَهُوَ جَالِسٌ. وَسَجَدَ سَجْدَتَيْنِ, قَبْلَ أَنْ يُسَلِّمَ, ثُمَّ سَلَّمَ \_ أَخْرَجَهُ السَّبْعَةُ, وَهَذَا لَفْظُ الْبُخَارِيِّ وَفُو جَالِسٌ وَسَجَدَ النَّاسُ مَعَهُ, مَكَانَ مَا نَسِى وَفِي رِوَايَةٍ لَمُسْلِمٍ: يُكَبِّرُ فِي كُلِّ سَجْدَةٍ وَهُوَ جَالِسٌ وَسَجَدَ النَّاسُ مَعَهُ, مَكَانَ مَا نَسِي مِنَ الْجُلُوسِ

صحيح. رواه البخاري (829)، ومسلم (570)، وأبو داود (1034)، والنسائي (3/ 19 ـ 20)، والترمذي (345 و 346) وقال الترمذي حسن صحيح

## বাংলা

৩৩০. 'আবদুল্লাহ ইবনু বুহাইনাহ (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের নিয়ে যুহরের সালাত আদায় করলেন। তিনি প্রথমে দু' রাক'আত পড়ার পর না বসে দাঁড়িয়ে গেলেন। মুকতাদীগণ তাঁর সঙ্গে দাঁড়িয়ে গেলেন। এভাবে সালাতের শেষভাবে মুক্তাদীগণ সালামের জন্য অপেক্ষা করছিলেন। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসাবস্থায় তাকবীর বললেন এবং সালাম ফিরানোর পূর্বে দু'বার সিজদা করলেন, এরপর সালাম ফিরালেন। —৭ জনে (আহমাদ, বুখারী, মুসলিম, আবূ দাউদ, নাসায়ী, তিরমিয়ী, ইবনু মাজাহ) এবং শব্দ বিন্যাস বুখারীর।



মুসলিমের ভিন্ন একটি বর্ণনায় আছে- প্রত্যেক সাহু সিজদার জন্য উপবিষ্ট অবস্থায় 'আল্লাহু আকবার' বলতেন ও সিজদা করতেন এবং মুক্তাদীগণও তাঁর সঙ্গে সিজদা করতেন, প্রথম তাশাহহুদে ভুল করে না বসার কারণে এ সিজদা দু'টি দিতেন।[1]

## ফুটনোট

[1] বুখারী ৮২৯, ৮৩০, ১২২৪, ১২২৫, ১২৩০, ৬৬৭০, মুসলিম ৫৭০, তিরমিযী ৩৯১, নাসায়ী ১১৭৭, ১১৭৮, ১২২২, ১২২৩, আবূ দাউদ ১০৩৪, ইবনু মাজাহ ১২০৬, ১২০৭, আহমাদ ২২৪১১, ২২৪২১, মুওয়াত্তা মালেক ২০২, ২০৩, ২১৮, দারেমী ১৪৯৯, ১৫০০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু বুহায়নাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন